শিবরাম আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়কে ল্যাপটপ উপহার দিলো স্মার্ট টেকনোলজিস

রাষ্ট্রীয়ভাবে একাধিকবার স্বর্ণপদকপ্রাপ্ত উত্তরাঞ্চলের গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ

উপজেলার শিবরাম আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়-কে একটি ল্যাপটপ উপহার দিয়েছে, আইটি পণ্য সামগ্রীর আমদানিকারক ও সরবরাহকারী প্রতিষ্ঠান স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেড। গত ১২ জুন বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. নূরুল আলম-এর হাতে ল্যাপটপটি তুলে দেন স্মার্ট টেকনোলজিস-এর মহাব্যবস্থাপক আবুল বাশার মোহাম্মদ। তিনি জানান, 'শিক্ষায় প্রযুক্তি' এই স্লোগানকে সামনে রেখে, সামাজিক দায়বদ্ধতা এবং গ্রামীণ শিক্ষা অবকাঠামোতে তথ্যপ্রযুক্তির সম্পৃক্ততা বৃদ্ধি ও ব্যবহারে উদ্বুদ্ধকরণের লক্ষ্যেই এই ল্যাপটপটি উপহার দেয়া হল। এ সময় স্মার্ট টেকনোলজিসের ব্যবস্থাপক জাহাঙ্গীর হোসেন ও মিজানুর রহমান সরকার উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, শিবরাম আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একাডেমিক শিক্ষার পাশাপাশি শিক্ষার্থীদের মানসিক বিকাশ ও জীবন গঠনে জ্ঞানভিত্তিক নানা কর্মকাণ্ড পরিচালিত হয়ে থাকে। বিদ্যালয়টির ১৬শ শিক্ষার্থীর মধ্যে ৩৮০ জন আবাসিক। প্রত্যন্ত অঞ্চলে প্রাথমিক শিক্ষা পর্যায়ে উন্নত শিক্ষা ব্যবস্থা ও অবকাঠামো উন্নয়ন– এসব মিলিয়ে স্বর্ণপদকপ্রাপ্ত এই শিক্ষা প্রতিষ্ঠানটি সারা দেশের প্রাথমিক শিক্ষা ব্যবস্থার রোল মডেল হিসেবে বিবেচিত হচ্ছে। ১৯৮৪ সাল থেকে মো. নূরুল আলম প্রধান শিক্ষক হিসাবে এ শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োজিত রয়েছেন। মূলত প্রধান শিক্ষক জনাব মো. নূরুল আলম এর ঐকান্তিক প্রচেষ্টা এবং স্থানীয় সুশীল সমাজের একান্ত সাহায্য-সহযোগিতা এক্ষেত্রে মুখ্য ভূমিকা পালন করেছে।

এইচএসসি পরীক্ষার্থীদের জন্য বিশেষ ছাড়ে কম্পিউটার কোর্স

রাজধানীর পান্থপথস্থ ইউএস সফটঅয়্যার লিমিটেড দিচ্ছে এইচএসসি পরীক্ষার্থীদের জন্য বিশেষ ছাড়ে কম্পিউটারের বেসিক কোর্স শেখার সুবিধা। কোর্সটির আওতায় রয়েছে: বেসিক নলেজ অব কম্পিউটার, অপারেটিং সিস্টেম উইন্ডোজ এক্সপি, এমএস ওয়ার্ড, এমএস এক্সেল, পাওয়ার পয়েন্ট, আউটলুক এক্সপ্রেস, ইন্টারনেট বেসিকস অ্যান্ড ইমেইল প্রভৃতি। ৩০ ঘন্টার এ কোর্সটি এইচএসসি পরীক্ষার্থীদের জন্য বিশেষভাবে সাজানো হয়েছে। দক্ষ প্রশিক্ষক সমন্বয়ে পরিচালিত এ প্রতিষ্ঠানে প্রত্যেকের জন্য আলাদা কম্পিউটার, ইন্টারনেটসহ রয়েছে অনুমোদিত অনলাইন টেস্টিং সেন্টার। কোর্স ফিতে ৩০ শতাংশ ছাড়ে ভর্তি চলছে। যোগাযোগ: ৯৬৬৮৯৮৬, ০১৭১৬ ০০১৬৬৯

কমভ্যালী লি:-এর রাজশাহী শাখায় পিসিতে বিশেষ ছাড়

কমভ্যালী লিমিটেড রাজশাহী শাখায় চলছে উদ্বোধন উপলক্ষে কম্পিউটার কিনলেই বিশেষ

ছাড়। এছাড়াও রয়েছে আকর্ষণীয় উপহার সামগ্রী। যে কোনো কনফিগারেশনের পিসির ক্ষেত্রেই রয়েছে এই সুবিধা। প্রতিটি পিসিতে রয়েছে ৩ বছরের ওয়ারেন্টি। পিসির দাম ২২,৫০০ টাকা থেকে ৩৫,০০০ টাকার মধ্যে। যোগাযোগ: বাড়ি নং- ই২০ (২য়তলা), গোরহাঙ্গা রোড, রাজশাহী। ফোন: ০১৮১৭২৯৯০৫৬।

আসুস মাদারবোর্ডে ৩ বছরের বিক্রয়োত্তর সেবা

বাংলাদেশে বিশ্বখ্যাত আসুস মাদারবোর্ডের পরিবেশক গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেড এখন

থেকে আসুসের ডিডিআর-থ্রি র‍্যাম সাপোর্টেড সবগুলো মাদারবোর্ডে ৩ বছরের বিক্রয়োত্তর সেবা প্রদান করছে। বাংলাদেশে বিদ্যমান আসুসের ডিডিআর-থ্রি র‍্যাম সাপোর্টেড মাদারবোর্ডগুলো হল: পি৭এইচ৫৭ডি-ভি ইভিও, পি৭এইচ৫৫ডি-এম ইভিও, পি৭এইচ৫৫ডি-এম প্রো, পি৭পি৫৫ডি এবং পি৫পিজি৪১টি-এম এলএক্স। এসব মডেলের মাদারবোর্ডে ভোক্তারা বিনামূল্যে এই বিক্রয়োত্তর সেবা পাবেন।

সিডিবি, রবি এবং হুয়াওয়ে সমঝোতা চুক্তি স্বাক্ষর

গণচীনের আন্তর্জাতিক বিনিয়োগকারী সর্ববৃহৎ ব্যাংক চায়না ডেভেলপমেন্ট ব্যাংক (সিডিবি) ১৪

জুন বাংলাদেশে তৃতীয় বৃহত্তম মোবাইল ফোন অপারেটর রবি এবং চীনা পণ্য সরবরাহকারী প্রতিষ্ঠান হুয়াওয়ের সাথে সমঝোতা চুক্তি সাক্ষর করেছে। চুক্তি অনুযায়ী ব্যাংকটি রবিকে ১০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদান করবে এবং এই টাকা দিয়ে হুয়াওয়ের নেটওয়ার্ক অবকাঠামো যন্ত্রপাতি ক্রয় এবং টেলিকম নেটওয়ার্কের বিস্তৃতির মাধ্যমে মোবাইল সেবার মান বাড়াবে রবি। সিডিবি'র চেয়ারম্যান উ ইউ শিনশিং, রবির মানব সম্পদ ও কর্পোরেট অ্যাফেয়ার্স বিভাগের প্রধান মতিউল ইসলাম নওশাদ এবং হুয়াওয়ের প্রধান নির্বাহী টনি জ্যাং হুই নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে হোটেল সোনারগাঁয় সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করেন। সিডিবি ইতিমধ্যে বাংলাদেশের টেলিফোন অপারেটরদের ২৬০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ প্রদান করেছে, যা এই খাতের ব্যবসায়িক উন্নতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। এই চুক্তি স্বাক্ষরের মাধ্যমে উভয় দেশের মধ্যে অর্থনৈতিক সহযোগিতা আরো জোরদার হল। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে চীন এবং বাংলাদেশ সরকারের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সভাপতি শফিকউদ্দিন আহমেদ, সাধারণ সম্পাদক কাজী শামসুদ্দিন আহমেদ

বিসিএস কম্পিউটার সিটি-র নির্বাচন অনুষ্ঠিত

বিসিএস কম্পিউটার সিটি-র ২০১০-১২ মেয়াদের কার্যকরী পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়ে গেল ৩ জুলাই ২০১০। সকাল ১০টা থেকে বেলা ৩টা পর্যন্ত অনুষ্ঠিত এ নির্বাচনে ১৫৬ জন ভোটারের মধ্যে ১৪০ জন ভোট প্রদান করেন। বিকেল সাড়ে ছয়টায় নির্বাচনের ফল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার এবং বাংলাদেশ কম্পিউটার সমিতির প্রেসিডেন্ট মোস্তফা জব্বার। সভাপতি পদে এ টি শফিকউদ্দিন আহমেদ, ভাইস প্রেসিডেন্ট পদে মোজহার ইমাম চৌধুরী, সাধারণ সম্পাদক পদে কাজী শামসুদ্দিন আহমেদ, যুগ্ম সাধারণ সম্পাদক পদে এ এন এম কামরুজ্জামান, কোষাধ্যক্ষ পদে জয়নুল আবেদীন, প্রকাশনা ও জনসংযোগ সম্পাদক পদে মাহবুবুর রহমান, তথ্যপ্রযুক্তি সম্পাদক পদে এ কে এম আতিকুর রহমান, সাংস্কৃতিক ও সমাজকল্যাণ সম্পাদক এ কে এম মাহমুদুল হাসান খান, কার্যনির্বাহী পরিষদের সদস্য পদে এম ডি কামরুল আহসান, জাবেদুর রহমান, মনজুরুল হক, জাহেদুল আলম ও রফিকুল আলম নির্বাচিত হন। নির্বাচন যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সেটি নিশ্চিত করার জন্য নিরাপত্তা কর্মীদের পাশাপাশি স্থানীয় থানার পুলিশ কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।

এসার টাইমলাইন সিরিজের নোটবুকের দাম কমল

এসারের দীর্ঘ ব্যাটারি লাইফসমৃদ্ধ সিরিজ টাইমলাইনের ৪৮১০টিজেড মডেলের নোটবুকের দাম কমল। এসইউ ৪১০০ প্রসেসর সমৃদ্ধ (১.৩০ গি: হা:) ১ জিবি র‍্যাম, ২৫০ জিবি হার্ডডিস্ক, ১৪ ইঞ্চি স্ক্রিন, ডিভিডি রাইটার, জিএম এ ৪৫০০ এমএইচডি সমৃদ্ধ গ্রাফিক্স, গিগাবিট ল্যান, ওয়েবক্যাম, কার্ড রিডার, ব-টুথ-সমৃদ্ধ নোটবুকের ওজন ১.৯ কেজি। ৮ ঘন্টা ব্যাটারি ব্যাকআপ সমৃদ্ধ নোটবুকটির হ্রাসকৃত মূল্য ৪৪,৮০০ টাকা। ১ বছরের বিক্রয়োত্তর সেবাসহ নোটবুকটি সকল রিসেলার ও এসার মলে পাওয়া যাচ্ছে। ফোন: ০১৯১৯২২২২২২

বেনকিউ ডিলারদের সিঙ্গাপুর ভ্রমণ

গত ১১ জুন থেকে ১৪ জুন হয়ে গেল বেনকিউ ডিলার ট্যুর টু সিঙ্গাপুর। বেনকিউ পণ্য বিক্রয়ের ক্ষেত্রে বিশেষ সাফল্য অর্জন করায় ডিলারদের প্রণোদনা দানের উদ্দেশ্যে এই ভ্রমণের আয়োজন করা হয়। সারা বাংলাদেশ থেকে যারা নির্বাচিত হয়েছে তাদের মধ্যে উলে-খযোগ্য ফ্লোরা লি., ইন্টারওয়েভ কম্পিউটার, কম্পিউটার ভিলেজ, এমএম কম্পিউর, কম্পিউটার ভিস্তা, কম্পিউটার সল্যুশন, পাওয়ার লাইনসহ আরো বেশ কিছু প্রতিষ্ঠান। এই ট্যুরে সিঙ্গাপুর আইটি মার্কেট ও অন্যান্য দর্শনীয় স্থান পরিদর্শন করা হয়।

আকর্ষণীয় দামে এসার এস্পায়ার ৪৭৩৬জেড নোটবুক

এসারের জনপ্রিয় সিরিজ এস্পায়ার ৪৭৩৬ জেড নোটবুক এখন আকর্ষণীয় দামে পাওয়া যাচ্ছে। ইন্টেল পেন্টিয়াম ডুয়াল কোর প্রসেসর টি ৪৪০০ (২.২০ গি:হা:), ২৫০ জিবি হার্ডডিস্ক, ১ জিবি র‍্যাম, ডিভিডি রাইটার, ব-টুথ, কার্ড রিডার, ওয়েবক্যাম, ডলবি সাউন্ড, অয়্যারলেস ল্যানসহ সকল অপশন বিদ্যমান। উপাত্ত নিরাপত্তার জন্য এই নোটবুকে রয়েছে ফিঙ্গার প্রিন্ট রিডার। মাল্টি জেশ্চার টাচ প্যাড ও ফ্লোটিং কিবোর্ড এর ব্যবহারকে আরো ইউজার ফ্রেন্ডলি করেছে। এর দাম ৩৭,৮০০ টাকা। এটি সকল এসার মল, আইডিবি ও মাল্টিপ-নে এসারের রিসেলারদের কাছে পাওয়া যাবে। ফোন: ০১৯১৯২২২২২২

একটি সিস্টেম দিয়েই চলবে ওরাকলের হার্ডঅয়্যার এবং সফটঅয়্যার

ডাটাসেন্টার ম্যানেজারদের কাজ সহজ করবে নতুন এই সান ফায়ার এক্স-৮৬ সিস্টেম

ওরাকল ব্যবহারকারীরা ওরাকল সফটঅয়্যার এবং হার্ডঅয়্যার এখন একটি সিস্টেম দিয়েই পরিচালনা করতে পারবে। সান হার্ডঅয়্যার এবং ওরাকল সফটঅয়্যার ব্যবহার করতে যত জটিলতা ছিল তা দূর করতেই সম্প্রতি সান ফায়ার এক্স-৮৬ ক্লাস্টার্ড সিস্টেম বাজারজাত করছে ওরাকল। নতুন এই সিস্টেমটি উন্মুক্ত এবং সর্বাধিক সমন্বয় ক্ষমতাসম্পন্ন। নতুন এই সিস্টেম ওরাকলের সোলারিস, এন্টারপ্রাইজ লিনাক্স এবং ভিএম হার্ডঅয়্যার সমন্বিত, যেখানে ওরাকলের ডাটাবেজ, ফিউশন মিডলঅয়্যার এবং অ্যাপি-কেশন সফটঅয়্যারগুলোর ব্যবহারও পরীক্ষিত। বে-ড, সার্ভার, স্টোরেজ, নেটওয়ার্কিং পাওয়ার এবং ভার্চুয়ালাজেশনসহ সকল হার্ডঅয়্যারের জন্য এই সিস্টেমে রয়েছে একটি ব্যবস্থাপনা ইন্টারফেস, যা লাইফসাইকেল ম্যানেজমেন্ট এবং স্বয়ংক্রিয় প্রক্রিয়ায় আরো গতিশীলতা আনবে। ওরাকল ইনস্টলেশনের মাধ্যমে এখন মিনিটেই বে-ডস এবং রেকমাউন্ট সার্ভার ইনস্টল এবং কনফিগার করা যাবে। নতুন সিস্টেম বৈদ্যুতিক এবং শীতলীকরণ খরচও অনেক সাশ্রয় করবে। তাছাড়া নেটওয়ার্কিং জটিলতাও কমাতে সক্ষম নতুন এই সিস্টেম। ওরাকল ভিএম টেমপে-ট থেকে শুরু করে ওরাকল এক্সাডাটা সকল রেঞ্জেই এটি ব্যবহার করা যাবে। ক্লাউড রেডি সফটঅয়্যার এবং হার্ডঅয়্যারের জন্য এই সিস্টেমকে এমনভাবে ডিজাইন করা হয়েছে যা নেক্সট জেনারেশন ক্লাউড কম্পিউটিং ইনফাস্ট্রাকচারের ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ডাক ব্যবস্থা পুনর্গঠন বাংলাদেশের নিম্ন আয়ের জনগোষ্ঠির মধ্যে এম কমার্স-এর ব্যবহার বৃদ্ধি করবে

ডাক ব্যবস্থার পুনর্গঠন মোবাইল-কমার্স বিশেষ করে ইলেক্ট্রনিক কমার্স-এর ক্ষেত্রে একটি নতুন সম্ভাবনা বয়ে আনতে পারে বলে মত দিয়েছে গবেষণা প্রতিষ্ঠান লার্নএশিয়া। ই-কমার্স-কে ব্যাপকভাবে প্রসারিত করতে মোবাইলের মাধ্যমে অর্থ আদান প্রদান ব্যবস্থা চালু এবং তা সাশ্রয়ীভাবে ও বিশ্বস্ততার সাথে সরবরাহের ব্যবস্থা করতে হবে, বলেছে প্রতিষ্ঠানটি। কলম্বোভিত্তিক আঞ্চলিক টেলিযোগাযোগ নীতিমালা নিয়ে কর্মরত গবেষণা প্রতিষ্ঠান লার্নএশিয়া বাংলাদেশে উদ্ভাবিত ইলেক্ট্রনিক অ্যাপি-কেশন্স সেলবাজার এর মতো সফল অ্যাপি-কেশনকে উন্নত দেশসমূহের মোবাইল অ্যাপি-কেশন যেমন আমাজান ও ই-বে এর মতো অর্থ আদান প্রদানের পূর্ণাঙ্গ সেবা প্রদানে কিভাবে সফলভাবে ব্যবহার করা যেতে পারে তা নিয়ে একটি গবেষণা চালিয়েছে। গবেষণায় বিশেষভাবে গুরুত্ব দেয়া হয়েছে কিভাবে 'বটম অব দা পিরামিড-বিওপি' তে অবস্থানকারি জনগোষ্ঠী যাদের দৈনিক মাথাপিছু আয় ২ মার্কিন ডলারের নিচে তাদের কাছে এই ধরনের মোবাইল অ্যাপি-কেশন সহজপ্রাপ্য করা যায়। এশিয়ায় বিওপিতে অবস্থানকারি বিশাল সংখ্যক জনগোষ্ঠী

মোবাইল ব্যবহার করে থাকে এবং মোবাইল ব্যয় ধীরে ধীরে কমে আসায় এম-কমার্স এর মাধ্যমে ই-কমার্সের অধিকাংশ সেবা প্রদানই সম্ভবপর বলে মত দিয়েছে লার্নএশিয়া। উন্নয়নশীল দেশগুলোতে ই-কমার্স শুধুমাত্র ইন্টানেটে ব্যবহারের মাঝেই সীমাবদ্ধ রয়েছে এবং নিরাপদ অর্থ আদান-প্রদানের বিশাল সম্ভাবনা এখনও অব্যবহৃত রয়ে গেছে। মোবাইল পেমেন্ট ব্যবস্থা চালুর সাথে সাথে ট্র্যাকিং সুবিধাসহ একটি নির্ভরযোগ্য, নিরাপদ ও সাশ্রয়ী সরবরাহ ব্যবস্থা চালু করা প্রয়োজন বলে ওই গবেষণা প্রতিবেদনে বলা হয়েছে। বাংলাদেশে কুরিয়ার সার্ভিস বেশ ব্যয়বহুল হওয়ায় নিম্ন আয়ের জনগোষ্ঠির কাছে এই সেবাটি তেমন জনপ্রিয় নয়। নিম্ন আয়ের জনগোষ্ঠি বা বিওপিতে অবস্থানকারীদের জন্য এম-কমার্স কুরিয়ার সার্ভিসের বিকল্প হিসেবে জাতীয় ডাক ব্যবস্থার মত কাজ করতে পারে। গবেষক দলের প্রধান বলেন, 'বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোর জন্য যুক্তরাষ্ট্রের ডাক ব্যবস্থা একটি সুন্দর উদাহরণ হতে পারে। যুক্তরাষ্ট্রের ডাক ব্যবস্থা তাদের ওয়েবসাইটের মাধ্যমে বারকোড ট্র্যাকিং, ফ্ল্যাট-রেট বক্সেস, প্রিন্টেবল পোস্টেজ লেবেল এবং ডাকের মাধ্যমে পণ্য আদান-প্রদানকারীদের জন্য বিশেষ করে হাজার হাজার ই-বে ক্রেতা-বিক্রেতাদের কাছে নানা ধরনের নিত্যনতুন সেবা প্রদান করছে। তবে এম-কমার্স চালুর জন্য অবশ্যই নিরাপদ অর্থ সরবরাহ এবং অর্থ আদান-প্রদানকারীদের মধ্যে বিশ্বাস স্থাপনের বিষয়গুলো নিশ্চিত করা প্রয়োজন।'

ডিজিটাল টিভি এক্সপো-২০১০ এ 'বেস্ট সেলার অ্যাওয়ার্ড' পেল ওয়ালটন

ফিফা বিশ্বকাপ ফুটবল-২০১০ উপলক্ষে সম্প্রতি দেশে প্রথমবারের মত আয়োজিত টেলিভিশন পণ্যসামগ্রীর মেলা -'ডিজিটাল টিভি এক্সপো-

২০১০'-এ 'বেস্ট সেলার অ্যাওয়ার্ড' পেয়েছে আর.বি. গ্রুপের তৈরি দেশের জনপ্রিয় টেলিভিশন ব্র্যান্ড ওয়ালটন। এবারের বিশ্বকাপ ফুটবলকে সামনে রেখে ইভেন্ট ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান ইভেন্টপ্রো'র আয়োজনে রাজধানীর শেরাটন হোটেলে মেলাটি অনুষ্ঠিত হয় এ মাসের ৩ থেকে ৫ তারিখ পর্যন্ত। মেলায় দেশি বিদেশি বিভিন্ন টেলিভিশন ব্র্যান্ড অংশগ্রহণ করে। কিন্তু মেলার সার্বিক বিক্রয় চিত্র (সেলস পারফরমেন্স) বিবেচনায় এবং মেলায় আগত দেশী-বিদেশী দর্শকদের মতামতের ভিত্তিতে ওয়ালটনকে 'বেস্ট সেলার অ্যাওয়ার্ড'-এর জন্য চূড়ান্তভাবে মনোনীত করা হয়। বিশ্বকাপকে আরো আকর্ষণীয় ও উপভোগ্য করে তুলতে প্রচলিত সিআরটি টেলিভিশনের পাশাপাশি বিভিন্ন ধরনের বিদ্যুৎসাশ্রয়ী ও পরিবেশবান্ধব এলসিডি, এলইডি ও প-াজমা টিভি এবং অন্যান্য টিভিসামগ্রীকে ক্রেতাদের কাছে সুলভ ও জনপ্রিয় করে তোলার উদ্দেশ্যেই মূলত: টিভি এক্সপো'র আয়োজন করা হয়। ওয়ালটনের পাশাপাশি দেশি বিদেশি বিভিন্ন কনজ্যুমার ইলেকট্রনিক্স কোম্পানির অংশগ্রহণে এ মেলায় হোম ইউজারদের পাশাপাশি বিজনেস ক্লায়েন্টদের জন্য বিভিন্ন ব্র্যান্ডের এলসিডি টিভি, এলইডি টিভি, প-াজমা টিভি, সিআরটি টিভি ছাড়াও ডিভিডি পে-য়ার, হোম থিয়েটার, এলসিডি মনিটর, টিভি কার্ড এবং আনুষঙ্গিক টেলিভিশন পণ্যসামগ্রী বিক্রয় ও প্রদর্শিত হয়।

৬ষ্ঠ বর্ষে নোয়াখালী ওয়েব-এর বিভিন্ন আয়োজন

বৃহত্তর নোয়াখালীবাসীর মুখপাত্র 'নোয়াখালী ওয়েব' তাদের ৫ম বর্ষ পূর্ণ করেছে। এ উপলক্ষে সম্প্রতি গত ১ জুলাই বৃহত্তর নোয়াখালীর তিন জেলা নোয়াখালী, ফেনী ও লক্ষীপুরে একযোগে প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানের আয়োজন করা হয়। এছাড়া ১০ জুলাই জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠান করেছে পত্রিকাটি। দেশে বিদেশে বৃহত্তর নোয়াখালী কমিউনিটির মানুষকে তাৎক্ষণিক সংবাদ সেবা প্রদানের মাধ্যমে ইতোমধ্যে পত্রিকাটি ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। এ সাফল্যের ধারাকে আরো অগ্রসর করার লক্ষ্যে 'নোয়াখালী ওয়েব সাপ্তাহিকী' নামে একটি নিয়মিত সাপ্তাহিক ম্যাগাজিন প্রকাশের উদ্যোগ নিয়েছে নোয়াখালী ওয়েব, যা চলতি মাসে আত্মপ্রকাশ করবে। নোয়াখালী ওয়েবের ঠিকানা: www.noakhaliweb.com.bd। যে কোনো ধরনের পরামর্শ/যোগাযোগের জন্য হটলাইন নাম্বার: ০১৮১৬ ৫৫৩৩৬৬, ০১৯১৬ ৫৫৩৩৬৬

মধুমাসে ক্যাননের আম উৎসব

বাংলাদেশে ক্যানন সিস্টেম পণ্যের (ডিজিটাল ক্যামেরা, প্রিন্টার, স্ক্যানার) একমাত্র পরিবেশক জেএএন অ্যাসোসিয়েটস লিমিটেড তাদের সকল ডিলার, রিসেলার এবং ক্যানন সিস্টেম পণ্যের ব্যবসায়ীদের মধ্যে আম বিতরণ করেছে। ৩১ মে সোমবার ঢাকার আইডিবি ভবনের বিসিএস কম্পিউটার সিটি, এলিফ্যান্ট রোডের মাল্টিপ-ান সেন্টারের ইসিএস মার্কেটের ব্যবসায়ীদের চাঁপাই নবাবগঞ্জের বিখ্যাত সব রসালো আম দিয়ে আপ্যায়িত করা হয়। এ সময় জেএএন অ্যাসোসিয়েটস লি.-এর ব্যবস্থাপনা পরিচালক আবদুল-াহ এইচ কাফি, পরিচালক নজরুল ইসলাম চৌধুরী, মহাব্যবস্থাপক আবদুল-াহ আল সাফি, কবীর হোসেনসহ অনেকে উপস্থিত ছিলেন।

স্বল্প খরচে ডায়নামিক ওয়েবসাইট

প্রফেশনাল ওয়েব প্রোগ্রামার দিয়ে ব্যক্তিগত ও প্রতিষ্ঠানের ওয়েব সাইট তৈরি করুন। খুবই অল্প খরচে নানা রকম ডিজাইনে স্ট্যাটিক ও ডায়নামিক বা কনটেন্ট ম্যানেজমেন্ট সিস্টেমে (জুমলা) ওয়েব সাইট কম সময়ে তৈরি করে দেওয়া হয়। যোগাযোগ: ০১১৯৫ ১১৮৯৪৯

চট্টগ্রামে গিগাবাইটের বিক্রয় পরিবেশক সম্মেলন ও নতুন মাদারবোর্ড নিয়ে নানা আয়োজন

২৪ জুন চট্টগ্রামের স্থানীয় একটি হোটেলে নানা আয়োজনের মধ্য দিয়ে গিগাবাইটের চট্টগ্রাম বিক্রয় পরিবেশক সম্মেলন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে টেক ফ্যাশন শো-এর মধ্য দিয়ে গিগাবাইটের ইউএসবি ৩.০ প্রযুক্তি সম্বলিত এবং ডিডিআরথ্রি ও ডিডিআরটু র‌্যাম সমর্থিত নতুন মাদারবোর্ডসমূহ অবমুক্ত করা হয়। গিগাবাইট ও স্মার্ট টেকনোলজিস যৌথভাবে এ সম্মেলন আয়োজন করে। মুজাহিদ আল বিরুনী সুজন-এর চমৎকার উপস্থাপনায় জমকালো এ অনুষ্ঠানে স্মার্ট টেকনোলজিসের চট্টগ্রাম শাখার ব্যবস্থাপক মোহাম্মদ মাজহারুল ইসলাম, গিগাবাইট পণ্য ব্যবস্থাপক খাজা মো. আনাস খান এবং চট্টগ্রামের সকল ডিলারবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে গিগাবাইট পণ্য ব্যবস্থাপক খাজা মো. আনাস খান মাল্টিমিডিয়া উপস্থাপনার মাধ্যমে ইউএসবি ৩.০ প্রযুক্তি এবং ডিডিআরথ্রি ও ডিডিআর-টু র‌্যাম সমর্থিত নতুন মাদারবোর্ডগুলোর সকল সুবিধা নিয়ে বিস্তারিত আলোকপাত করেন। এছাড়া গিগাবাইট মাদারবোর্ডের পরিবেশবান্ধব ও গ্রাহকবান্ধব সংশি-ষ্ট বিষয়গুলোও চমৎকারভাবে তুলে ধরেন। আনাস খান এই কারিগরি সেশনের ফাঁকে ফাঁকে উপস্থিত ডিলারদের উদ্দেশে মাদারবোর্ড সংশি-ষ্ট নানা ধরনের কারিগরি প্রশ্ন করেন এবং উপস্থিত ডিলারবৃন্দ সেসবের উত্তর দিয়ে জিতে নেন বিবিধ উপহার সামগ্রী। এছাড়া ডিলারদের জন্য বিভিন্ন ক্যাটেগরিতে ছিল আকর্ষণীয় সব পুরস্কার। সবচেয়ে মজার ও আকর্ষণীয় আয়োজন ছিল- বিশ্বকাপ ফুটবলকে ঘিরে উপস্থিত ডিলারদের অংশগ্রহণে গেম শো।

সেরা অবস্থানে বেনকিউ ব্র্যান্ডের প্রজেক্টর

ডিএলপি প্রযুক্তিসমৃদ্ধ বেনকিউ শর্ট থ্রু প্রজেক্টর শিক্ষাক্ষেত্রে নেতৃস্থানীয় পর্যায়ে আছে। ছোট ক্লাস রুম থেকে শুরু করে বিশাল অডিটোরিয়াম- সব ক্ষেত্রে আইটি পণ্যের ক্রেতা ও শিক্ষা প্রতিষ্ঠান, যে গুণগত মানের প্রজেক্টরটি মাত্র ৫ মি.মি দূরত্বে ব্যবহার করতে পারেন সেটি বেনকিউ শর্ট থ্রু প্রজেক্টর। বাংলাদেশে এটি বাজারজাত করছে কমভ্যালী লিমিটেড। ডিএলপি হাই ডেফিনিশন, উইস্পার কোয়াইট ডিজাইন, থ্রি ডি কালার, ব্রিলিয়ান্ট কালার ম্যানেজমেন্ট, ওয়াল কালার কারেকশন, প্যানেল কি লক, কুইক অটো সার্চ, শর্ট থ্রু পর্যন্ত মোট পাঁচটি মডেল অফিস, এন্টারটেইনমেন্ট, মুভি কিংবা বড় পর্দায় বিশ্বকাপের মত খেলা সরাসরি দেখার অনুভূতি দিতে পারে বেনকিউ প্রজেক্টর। স্বচ্ছ ও প্রাণবন্ত ছবি, স্ক্রিন সাইজ ৩০-৩০০ ইঞ্চি, হাই রেজল্যুশন, ব্রাইটনেস, ডায়নামিক কন্ট্রাস্ট রেশিও, ভিডিও আসপেক্ট ইত্যাদি ফিচার রয়েছে প্রজেক্টরটিতে। ফোন: ০১৮১৭২৯৯০৫৫, ৫৭,

জুমলা বা ওয়ার্ডপ্রেস ক্যাশ কোর্স

শুক্রবারে প্রফেশনাল ওয়েব প্রোগ্রামারের কাছে প্রজেক্টভিত্তিক বেসিক জুমলা সিএমএস ক্র্যাশ কোর্স বেসিক ওয়ার্ডপ্রেস সিএমএস ক্র্যাশ কোর্স শেখানো হচ্ছে ৪,০০০ টাকায়। এছাড়া ৬ হাজার টাকায় এইচটিএমএল, সিএসএস, পিএইচপি, মাইএসকিউএল শেখানো হচ্ছে। একদিনের বিশেষ ওয়ার্কশপ বা ক্র্যাশ কোর্সও করানো হয়। ফোন: ০১১৯৫১১৮৯৪৯

তথ্যপ্রযুক্তি পণ্য ও সেবা দিতে ডাটাপার্কের অগ্রযাত্রা

ডাটাপার্ক বিডি লিমিটেড ১ জুলাই থেকে আনুষ্ঠানিক যাত্রা শুরু করেছে। ডাটা সেন্টার, তথ্যপ্রযুক্তিগত ব্যবসায়িক পরামর্শ এবং আইটি শিক্ষার ক্ষেত্রে দেশে ও বহির্বিশ্বে আন্তর্জাতিক মানের পণ্য ও সর্বোচ্চ মানসম্মত সেবা প্রদানই ডাটাপার্কের লক্ষ্য। গ্রহণযোগ্য মূল্যে দেশি বিদেশি প্রতিষ্ঠানকে শীর্ষমানের তথ্যপ্রযুক্তি পণ্য ও সেবা প্রদানের প্রতিশ্রুতি নিয়ে ডাটাপার্কের পথ চলা শুরু হয়েছে। ডাটাপার্কের সেবার ক্ষেত্রগুলো হল ডাটা সেন্টার সল্যুশন, ডিজ্যাস্টার রিকভারি সল্যুশন, কাস্টমার সফটঅয়্যার ডেভেলপমেন্ট, এন্টারপ্রাইজ অ্যাপি-কেশন ডেভেলপমেন্ট, সফটঅয়্যার মেনটেন্যান্স, কনটেন্ট ডেভেলপমেন্ট সার্ভিস। ইনোভেটিভ অনলাইন পণ্য সরবরাহ ও সেবা দিতে ডাটাপার্ক ব্যবসায়িক ও গ্রাহক সেবা, সফটঅয়্যারকে মডেল হিসেবে নিয়েছে। অন্যদিকে বিজনেস অটোমেশন সিসটেমের ক্ষেত্রে সিআরএম, ডাটাবেজ, ইন্ট্রানেট, কনটেন্ট ম্যানেজমেন্ট এবং ইন্টারঅ্যাকটিভ ওয়েবসাইটের ক্ষেত্রে কর্পোরেট ওয়েবসাইট বা পোর্টাল, ই-কমার্স, আন্তর্জাতিক সামাজিক যোগাযোগ সেবা প্রদানেও কাজ করবে ডাটাপার্ক। শুরু থেকেই ডাটাপার্ক সহযোগী প্রতিষ্ঠানরূপে যুক্ত হয়েছে ওরাকল কর্পোরেশন, রেড হার্ট লিনাক্স এবং আরো কিছু স্বনামধন্য বহুজাতিক প্রতিষ্ঠানের সাথে। ডাটাপার্ক খুব শীঘ্রি ওরাকল, রেডহ্যাট, ডাটা সেন্টার ট্রেনিং কোর্সে ভর্তি প্রক্রিয়া শুরু হচ্ছে। যোগাযোগ: http://dataparkbd.com

ইউবিএস-এর সিলেট শাখা এখন কানিজ প-াজায়

ইউনিক বিজনেস সিস্টেমস ঢাকার পাশাপাশি দেশের বিভিন্ন জেলায় ব্যবসায়িক প্রসার ঘটাচ্ছে। সম্প্রতি ইউনিক বিজনেস সিস্টেমস লি:-এর সিলেট শাখা পরিবর্তিত হয়ে আরো ভিন্ন আঙ্গিক এবং নতুন পরিসরে সাজিয়েছে সিলেটবাসীর সুবিধার জন্য। এখানে মাল্টিমিডিয়া প্রজেক্টর, ল্যাপটপ, নোটকাউন্টিং, স্পাইরাল, পেপার শ্রেডার মেশিন, ল্যামিনেটর, সাউন্ড সিস্টেমসহ বিভিন্ন ধরনের ইলেকট্রনিকস পণ্য সুলভ মূল্যে পাওয়া যায়। এছাড়াও পণ্য ওয়ারেন্টি এবং কাস্টমার সার্ভিসসহ সব ধরনের সুবিধা দেওয়া হয়। ইউনিক বিজনেস সিস্টেমস লি:, কানিজ প-াজা, ২য় তলা, জিন্দা বাজার, সিলেট। ফোন: ০১৭৩০০৪৪৪০৭, ৮২১৭১০৩৬৮

সোর্স এজ লিমিটেড-এর বৃত্তি পেল সিহাদ-বিন সালাম

দেশের শীর্ষস্থানীয় তথ্যপ্রযুক্তি পণ্য সরবরাহীকারী প্রতিষ্ঠান সোর্স এজ লিমিটেড চ্যানেল আই আয়োজিত ২য় মেরিডিয়ান-আনন্দআলো চিলড্রেন পেইন্টিং অ্যাওয়ার্ড ২০০৯-এ সহযোগী অংশীদার হিসাবে অংশগ্রহণ করে।

এ অনুষ্ঠানে দেশের সকল বিভাগীয় শহর থেকে আনুমানিক ২৫০০০ শিশু অংশগ্রহণ করে। শিশুদের মেধার বিকাশ, সামাজিক এবং সাংস্কৃতিক কর্মকাণ্ডে আরো বেশি উদ্বুদ্ধ করতে সোর্স এজ লিমিটেড-এর পরিচালনা পর্ষদ বিজয়ী ১ জন শিশুকে মাসিক বৃত্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে।

সম্প্রতি আনন্দ আলো কার্যালয়ে বিজয়ী শিশুদের মধ্যে বৃত্তি প্রদানের জন্য এক অনাড়ম্বর অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ অনুষ্ঠানে ২য় মেরিডিয়ান চ্যানেল আই পেইন্টিং অ্যাওয়ার্ড-২০০৯ বিজয়ী সিহাদ বিন সালামকে সোর্স এজ লিমিটেড-এর পক্ষ থেকে মাসিক বৃত্তির চেক হস্তান্তর করা হয়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আনন্দআলো পত্রিকার সম্পাদক জনাব রেজানুর রহমান, সোর্স এজ লিমিটেড-এর পরিচালক সুব্রত ঘোষ ও মোহাম্মদ ফকরুজ্জামান এবং বিজয়ী সিহাদ-বিন সালামের অভিভাবকসহ আনন্দআলো পরিবারের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

মোবাইল পেমেন্টস সল্যুশন স্বল্প আয়ের জনগোষ্ঠীর মধ্যেও এম-কর্মাসের সুবিধা প্রসারিত করবে: গবেষণা প্রতিবেদন

সাম্প্রতিক এক গবেষণায় দেখা গেছে, নিরাপদ মোবাইল পেমেন্ট সল্যুশন বাংলাদেশের নিম্ন আয়ের জনগোষ্ঠীর জন্য মোবাইলভিত্তিক ইলেকট্রনিক কর্মাস বা এম-কর্মাস-এর সুবিধা ব্যাপকভাবে বাড়িয়ে দিতে পারে। তবে সঠিক দিকনির্দেশনা ও নীতিমালার অভাব বাংলাদেশে বর্তমানে এম কমার্স বিকাশের ক্ষেত্রে প্রধান অন্তরায়। আঞ্চলিক গবেষণা প্রতিষ্ঠান 'লার্ন এশিয়া'র এক গবেষণা প্রতিবেদনে বলা হয়েছে, উন্নয়নশীল দেশগুলোতে স্বল্প আয়ের জনগোষ্ঠী (বটম অফ দি পিরামিড-বিওপি) বিশেষ করে যাদের মাথাপিছু আয় দুই মার্কিন ডলারের কম, তাদের জন্য ই-কমার্স ব্যাপক সম্ভাবনাময়। কারণ, এসব দেশে মোবাইল ব্যবহারের খরচ ধীরে ধীরে কমে আসায় মোবাইল ব্যবহারকারীর সংখ্যা বিশেষ করে বিওপিতে অবস্থানকারীদের মাঝে ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। এম-কমার্স ই-কমার্সের মতই অধিকতর লেনদেন সংগঠনের মাধ্যমে বাজার সম্প্রসারণ করে ক্রেতা ও বিক্রেতার জন্য সুবিধা নিয়ে আসতে পারবে। বাংলাদেশের অন্যতম জনপ্রিয় ইলেকট্রনিক বাজারব্যবস্থা সেলবাজার-এর কেস স্টাডি থেকে লার্নএশিয়া লক্ষ করেছে সেলবাজার বর্তমানে শুধুমাত্র পণ্যের বিজ্ঞাপন প্রকাশের মাঝে সীমাবদ্ধ থাকলেও এ ধরনের ব্যবস্থার মাধ্যমে অর্থ বিনিময়, পণ্য বিতরণসহ এম-কমার্সের অন্যান্য সুবিধাও পুরো মাত্রায় প্রদান করা সম্ভব। মোবাইল পেমেন্ট সেবায় মোবাইল ব্যবহারকারীরা নিজেদের মধ্যে অল্প পরিমাণ অর্থ আদান-প্রাদানের সুবিধা পেয়ে থাকেন, বিশেষ করে গ্রাহক স্থানীয় একটি এজেন্টের কাছ থেকে অর্থ উত্তোলন করতে পারেন। আর এ ধরনের সেবা এম-কমার্সকে আরো বহুগুণ বাড়িয়ে দিতে পারে। যদিও ইতিমধ্যেই বাংলাদেশে এ ধরনের মোবাইল সেবা চালু হয়েছে যেমন গ্রামীণ ফোনের বিল পে সেবা (আনুষ্ঠানিক) বা ফ্লেক্সি লোড সেবা (অনানুষ্ঠানিক) উলে-খ্যযোগ্য। অর্থ প্রদানের বিষয়টিকে আরো বেশি নিরাপদ করে এবং বিশ্বাসযোগ্যতা স্থাপনের মাধ্যমে জনগণের মাঝে এই ধরনের সেবা দ্রুত ছড়িয়ে দেয়া সম্ভব। ফিলিপাইন এবং কেনিয়ার মতো উন্নয়নশীল দেশে মোবাইল পেমেন্ট সেবা সফলভাবে ব্যবহৃত হচ্ছে। তবে বাংলাদেশে মোবাইল পেমেন্ট সংক্রান্ত কোনো সুনির্দিষ্ট নীতিমালা না থাকায় এই সেবা বিস্তার লাভ করছে না। এই বাধা দূর হওয়া অত্যন্ত জরুরি বলে লার্ন এশিয়ার এই গবেষণা প্রতিবেদনে পরামর্শ দেয়া হয়েছে। তবে এক্ষেত্রে দেশটি সঠিক পথেই এগুচ্ছে বলে বলা হয়েছে ওই প্রতিবেদনে।

হিটাচি CP-X2511 এখন বাজারে

কম্পিউটার এবং সংশি-ষ্ট প্রযুক্তি বাজারজাতকরন প্রতিষ্ঠান দক্ষিণ এশিয়ার একমাত্র পে-ড অ্যাওর্য়াড

কোম্পানী। ইউনিক বিজনেস সিস্টেমস এবারে বাজারে নিয়ে এসেছে মডেলের হিটাচি ব্রান্ডের মাল্টিমিডিয়া প্রজেক্টর। এটি হাই পিকচার কোয়ালিটি ২০০০:১ কনট্রাষ্ট রেশিও এবং ২৭০০ লোমেনস । রেজল্যুশন (১০২৪x৭৬৮) কালার পিক্সেল। বিভিন্ন ধরনের সিকিউরিটি ফাংশন লক পাওয়ার সেভিং মোড এবং লো নয়েজ। কোনো স্ক্রিনের প্রয়োজনীয়তা ছাড়াই ব-্যাক অথবা হোয়াইট বোর্ডে প্রজেকশন সম্ভব। ১৬w স্পিকার, এছাড়াও কম্পিউটার কেবল, রিমোট কন্ট্রোল, ব্যাটারি এবং পাওয়ার কার্ড সুবিধা আছে। ওজন ৩.৬ কেজি। স্টক সীমিত। ফোনঃ 8828377, 01730044406।

আকর্ষণীয় মুল্যে ক্রিয়েটিভের ২জিবি এমপি৪ পে-য়ার

সম্প্রতি বিশ্বখ্যাত ZEN V PLUS MP-4 পে-য়ার মাত্র ৩০০০ টাকায় সীমিত সংখ্যক পণ্য

বাজারে ছাড়ার সিদ্ধান্ত নিয়েছে। দেশের খ্যাতনামা প্রযুক্তি প্রতিষ্ঠান সোর্স এজ লি. সম্প্রতি প্রথমবারের মত ক্রিয়েটিভের এই পণ্যটি বাজারজাতকরণ শুরু করেছে। সোর্স এজ লি. গ্রাহকদেরকে দিচ্ছে সীমিত সংখ্যক পণ্যের ওপর পুরো জুলাই মাসব্যাপী আর্কষণীয় ছাড়। ফোর-ইন-ওয়ান সুবিধাসমৃদ্ধ পণ্যটিতে রয়েছে একসাথে মিউজিক, ফটো, ভিডিও, রেডিও ও ভয়েস রেকর্ডিং-এর সুবিধাসহ ৮০০০ পর্যন্ত গান সংরক্ষণের সুবিধা। বিল্ট-ইন স্পিকার, যা মিনি বুমবক্স হিসেবে কাজ করবে। রয়েছে আকর্ষণীয় OLED কালার স্ক্রিন, যা ১২০x১২০ রেজল্যুশন সমৃদ্ধ। ফোনঃ ৯৫৫১৭১৫, ৭১১৩৪৯৭, হটলাইন-০১৬৭১৩৩৩৭৭৭।

মার্কারী-র KM 67 সিরিজের কেসিং এখন বাংলাদেশে

সোর্স এজ লিমিটেড বাজারে নিয়ে এল মার্কারী ব্র্যান্ড-এর KM 67 সিরিজের বিভিন্ন মডেলের

সর্বাধুনিক ও দৃষ্টিনন্দন ডিজাইনের কেসিং। প্রথম বারের মত এই KM 67 সিরিজের ক্যাসিংগুলোতে ৪৫০ ওয়াটের ওভার লোড প্রটেক্টেড পাওয়ার সাপ-াই সংযোজিত হয়েছে। এছাড়াও এতে রয়েছে সর্বাধুনিক এয়ার ভেন্টিলেশন ও কুলিং সিস্টেম, এজ বেন্ডিং ও থার্মাল অ্যাডভান্টেজ ডিজাইন। মজবুত স্টেইনলেস স্টীলের কাঠামোয় তৈরি এই ক্যাসিংগুলোতে আরো আছে মরিচা প্রতিরোধক ব্যবস্থা, বিভিন্ন ধরনের মাদারবোর্ড সাপোর্টের জন্য সুপরিসর জায়গা এবং টুলস্-ফ্রি লকঅ্যাবল সাইড প্যানেলস-এর সুবিধা। কেসিংগুলোতে সামনের দিকে ইউএসবি পোর্ট থাকায় আলাদা ইউএসবি ক্যাবলের প্রয়োজন হয় না। ফোনঃ ০১৬৭১৩৩৩৭৭৭, ৯৫৫১৭৫, ৭১১৩৪৯৭ ।

ক্রিয়েটিভ-এর ২.১ স্পিকার সিস্টেমস T3130 বাজারে

তথ্যপ্রযুক্তি পণ্য সরবরাহকারী প্রতিষ্ঠান সোর্স এজ লিমিটেড সম্প্রতি বাজারে এনেছে Creative ব্র্যান্ডের নতুন মডেলের 2.1 স্পিকার সিস্টেমস T 3130। গেম, মিউজিক ও মুভি উপভোগের আনন্দে নতুন মাত্রা যোগ করতে সম্প্রতি ক্রিয়েটিভ বিশ্বব্যাপী বাজারজাতকরণ শুরু করেছে এই আকর্ষণীয় ও নান্দনিক মডেলের এই স্পিকার সিস্টেমটি। নতুন এই স্পিকার সিস্টেমে প্রথমবারের মত সংযোজিত হয়েছে Image Focusing Plate (IEP) ডিজাইন, যা মিউজিক উপভোগের আনন্দকে আরো চিত্তাকর্ষক করে

তুলবে। 2.1 এই স্পিকার সিস্টেমটিতে আরো থাকছে Bullet Shape Dust cap যা গান ও মিউজিক উপভোগের ক্ষেত্রে Clear ও High Frequency Performance উপহার দেবে। এই স্পিকার সিস্টেমটিতে পরিস্কার এবং জোরালো বেইজ উপহার দেয়ার জন্য থাকছে Large Flared port Tube ডিজাইন সমৃদ্ধ 15 ওয়াট ক্ষমতাসম্পন্ন একটি স্বয়ংসম্পূর্ণ সাবউফার। স্পিকারটির জন্য সোর্স এজ দিচ্ছে এক বছরের বিক্রয়োত্তর সেবা। ফোনঃ ০১৬৭১৩৩৩৭৭৭, ৯৫৫১৭১৫, ৭১১৩৪৯৭।

বেলকিন এসি এনিহোয়্যার

বেলকিন-এর এসি এনিহোয়্যার ডিভাইস দিচ্ছে গাড়ির সিগারেট হিটার পোর্ট থেকে ২০০ ওয়াট

বিদ্যুৎ ব্যবহারের সুবিধা। এখন থেকে গাড়িতে বসেই চার্জ করা যাবে ল্যাপটপ, মোবাইল ফোন, এমপিথ্রি, ডিজিটাল ক্যামেরা, আইফোন, আইপডসহ যে কোনো ইলেকট্রনিক ডিভাইস। এতে আরো রয়েছে ইউএসবি পোর্ট যা দিয়ে ভ্রমণকালীন সময়ে ব্যবহার করা যাবে পোর্টেবল ফ্রিজ, স্পিকারসহ যে কোনো পোর্টেবল ইলেকট্রিক সামগ্রী। রয়েছে তিন বছরের ওয়ারেন্টি।

বেলকিন ল্যাপটপ ব্যাগ

আপনার ল্যাপটপকে আরো বেশি সুরক্ষিত রাখতে বিশ্বখ্যাত ব্র্যান্ড বেলকিন নিয়ে এসেছে

উন্নতমানের ফেব্রিক দিয়ে তৈরি ফ্যাশনেবল ল্যাপটপ ব্যাগ। এতে রয়েছে অনেকগুলো কম্পার্টমেন্ট। মূল কম্পার্টমেন্টটি তৈরি করা হয়েছে ৮৪০ ডি ফোম এবং মসৃণ নাইলন কাপড় দিয়ে, যাতে হাত থেকে পড়ে গেলেও ল্যাপটপের কোনো ক্ষতি হয় না এবং স্কেচ পড়ে না । এছাড়া রয়েছে প্রয়োজনীয় ফাইল, বই ও অন্যান্য কাগজপত্র রাখার কম্পার্টমেন্ট। রয়েছে এমপিথ্রি মোবাইল ফোন, আইফোন, আইপড রাখার কম্পার্টমেন্ট এবং ল্যাপটপ চার্জার ও ক্যাবল রাখার আলাদা পার্টস। বেলকিন-এর স্টাইলিস্ট ব্যাগের অনেকগুলো রঙ এবং সিরিজ রয়েছে। যেমন- সিম্পল মেসেঞ্জার, সিম্পল ব্যাকপ্যাক, কোর মেসেঞ্জার, কোর ব্যাকপ্যাক। এই সিরিজগুলো ১৪-১৭ ইঞ্চি পর্যন্ত ল্যাপটপের জন্য ব্যবহার করা যায়। প্রতিটি ব্যাগের সাথে রয়েছে ১০% ডিসকাউন্ট এবং তিন বছরের ওয়ারেন্টি।

বেলকিন ল্যাপটপ কুলিং প্যাড

বেলকিন ল্যাপটপ কুলিং প্যাডে আছে লো পাওয়ার ফ্যান এবং ৯ ডিগ্রি অ্যাঙ্গেলে কার্ব করা

প্যাড, যা ল্যাপটপের ভেতর থেকে গরম বাতাস বের করে ল্যাপটপকে ঠাণ্ডা রাখে। এতে আরো আছে ৪ পোর্ট ইউএসবি হাব, যা দিয়ে বেশি সংখ্যক ইউএসবি ডিভাইস ব্যবহার করা যাবে।

বেলকিন অয়্যারলেস রাউটার

অফিস এবং বাড়িকে নেটওয়ার্ক-এর তারের ঝামেলা থেকে মুক্তি দিতে বেলকিন নিয়ে এসেছে

অয়্যারলেস রাউটার এবং অয়্যারলেস ল্যান কার্ড। বেলকিন রাউটার এর সাহায্যে অফিস বাসায় এবং কর্মক্ষেত্রে ওয়াই-ফাই নেটওয়ার্ক তৈরি করা যাবে। ব্রডব্যান্ড, ওয়াইম্যাক্স অথবা বিটিসিএল-এর যে কোনো একটি ইন্টারনেট কানেকশান নিয়ে বেলকিন রাউটারের সাহায্যে একসাথে ১৬ জন অপারেটর ইন্টারনেট ইউজ করতে পারবেন। বেলকিন ব্র্যান্ড-এর জি, এন১৫০, এন এবং এন+ সিরিজ-এর রাউটার এবং ল্যানকার্ড পাওয়া যায়।

বেলকিন ব্র্যান্ডের বাংলাদেশে একমাত্র পরিবেশক স্পিড টেকনোলজি এন্ড ইঞ্জিনিয়ারিং লিমিটেড। ফোনঃ ৯৬৭২২৩০-৩১, ০১৮১১৪২০৩০২।